105 mm X 445 mm

# Spinocid®

Spinosad INN 0.9% w/w

## Composition

**Spinocid®** topical suspension: Each gram of topical suspension contains Spinosad INN 9 mg.

## Pharmacology

**Spinocid®** is a preparation of Spinosad which is a pediculicide and scabicide. Spinosad is a mixture of Spinosyn A and Spinosyn D. Spinosad causes neuronal excitation in insects. After periods of hyperexcitation, lice and mites become paralyzed and die.

## Indication

**Spinocid®** is indicated for treatment of-


- Scabies infestations in adult and pediatric patients 4 years of age or older.
- Head lice infestations in adult and pediatric patients 6 months of age or older.

## Dose and administration


***Route of administration:* Spinocid®** should be administered topically.

**Administration instructions**


***Treatment of Scabies infestations***



Shake bottle well before use.




Apply a sufficient amount to skin to completely cover the body from the neck to the toes (including the folds of skin, between fingers and toes, underneath fingernails and toenails and soles of the feet). For patients with balding scalp, also apply product to the scalp, hairline, temples, and forehead.




Allow to absorb into the skin and dry for 10 minutes before getting dressed. Leave on the skin for at least 6 hours before showering or bathing.

Wash hands after use.

***Treatment of Head Lice infestations***



Shake bottle well before use.



Before applying, cover your face and eyes with towel and apply a sufficient amount to cover dry scalp, then apply to dry hair. Depending on hair length, apply adequately to cover entire scalp and hair.



After complete application, leave on for 10 minutes, then thoroughly rinse off with warm water.

Wash hands after use. If live lice are seen 7 days after the first treatment, a second treatment should be applied.

***Adjunctive measures***

- Wash in hot water or dry-clean all recently worn clothing, hats, used bedding and towels.
- Wash personal care items in hot water.
- Wash in hot water or dry-clean any bedding, clothing and towels used by anyone having scabies.

## Contraindication

It is contraindicated in patients with history of known hypersensitivity to spinosad or any other components of this product.

## Warning and precaution

For topical use only. It is not for oral, ophthalmic or intravaginal use. If it gets in or near the eyes, rinse thoroughly with water. Systemic exposure to benzyl alcohol has been associated with serious adverse reactions and death in neonates and low birth-weight infants when administered intravenously. Apply on pediatric patient only under direct supervision of an adult.

## Side effects

The most common side effects are application site erythema, ocular erythema and dry skin.

## Use in pregnancy & lactation

**Pregnancy:** There are no adequate and well-controlled studies in pregnant women with spinosad.

**Lactation:** There is no information regarding the presence of spinosad in human milk, the effects on the breast-fed infant or the effects on milk production.

## Use in children and adolescents

The safety and effectiveness of spinosad in patients below 6 months of age with head lice infestation and in patients below 4 years of age with scabies infestation have not been established.

## Drug interaction

**Drug interaction with medication:** No significant drug reaction has been found yet.

**Drug interaction with food and others:** Not applicable.

## Overdose

In case of overdose, general supportive measures and proper monitoring should be initiated.

## Storage

Store below 25° C in a dry place, protected from light. Keep away from the reach of children.

## Packing

**Spinocid®** topical suspension: Bottle of 60 ml.

® Registered Trade Mark


**Advanced Chemical Industries PLC.**
7, Hajeegonj Road, Godnyl
Narayanganj, Bangladesh


031241

# স্পিনোসিড®

স্পিনোস্যাড আইএনএন ০.৯% ডব্লিউ/ডব্লিউ

## উপাদান

**স্পিনোসিড®** টপিক্যাল সাসপেনশনঃ প্রতি গ্রাম টপিক্যাল সাসপেনশনে আছে স্পিনোস্যাড আইএনএন ৯ মিগ্রা।

## ফার্মাকোলজি

**স্পিনোসিড®** হলো স্পিনোস্যাড দ্বারা তৈরি যা একটি পেডিকুলিসাইড ও স্ক্যাবিসাইড। স্পিনোস্যাড হলো স্পিনোসিন A এবং স্পিনোসিন D এর একটি সংমিশ্রণ। স্পিনোস্যাড পতঙ্গের নিউরোনাল উত্তেজনা তৈরি করে। অতিউত্তেজনার পর উকুন ও মাইট প্যারালাইজ্‌ড হয়ে মারা যায়।

## নির্দেশনা

**স্পিনোসিড®** নিম্নলিখিত ক্ষেত্রে নির্দেশিত-


- প্রাপ্তবয়স্ক ও ৪ বছর বা তার বেশি বয়সের শিশুদের স্ক্যাবিসের চিকিৎসায়।
- প্রাপ্তবয়স্ক ও ৬ মাস বা তার বেশি বয়সের শিশুদের মাথার উকুনের চিকিৎসায়।

## সেবনমাত্রা ও প্রয়োগবিধি


***ওষুধ গ্রহণের পথঃ* স্পিনোসিড®** ত্বকে প্রয়োগ করতে হবে।

**ব্যবহারের নির্দেশাবলী**


***স্ক্যাবিসের চিকিৎসায়***



ব্যবহারের আগে বোতলটি ভালোভাবে ঝাঁকিয়ে নিতে হবে।




ঘাড় থেকে পায়ের আঙুল পর্যন্ত (চামড়ার ভাঁজ, হাতের ও পায়ের আঙুলের মাঝে, নখের নিচে ও পায়ের তালুসহ) সম্পূর্ণ শরীরের ত্বকে ভালোভাবে প্রয়োগ করতে হবে। যেসব রোগীদের চুল কম রয়েছে তাদের ক্ষেত্রে মাথার ত্বক, মাথার তালু, কপালের পার্শ্বদেশে ও কপালে প্রয়োগ করতে হবে।




চামড়ায় শোষণ ও শুকানোর জন্য ১০ মিনিট অপেক্ষা করতে হবে। ১০ মিনিট পর কাপড় পরিধান করা যাবে। গোসল করার পূর্বে কমপক্ষে ৬ ঘণ্টা লাগিয়ে রাখতে হবে।

সাসপেনশনটি ব্যবহারের পর ভালোভাবে হাত ধুতে হবে।

***মাথার উকুনের চিকিৎসায়***



ব্যবহারের আগে বোতলটি ভালোভাবে ঝাঁকিয়ে নিতে হবে।



প্রয়োগের পূর্বে মুখ ও চোখ কাপড় দিয়ে ঢেকে রাখতে হবে এবং শুষ্ক মাথার ত্বকে ভালোভাবে প্রয়োগ করা যায় এমন পরিমাণ লাগাতে হবে, তারপর শুষ্ক চুলে প্রয়োগ করতে হবে। চুলের দৈর্ঘ্যের উপর নির্ভর করে সম্পূর্ণ মাথার ত্বক ও চুলে পর্যাপ্ত পরিমাণ প্রয়োগ করতে হবে।



সম্পূর্ণ প্রয়োগের পর ১০ মিনিট রেখে হালকা গরম পানি দিয়ে ভালোভাবে ধুয়ে ফেলতে হবে।

সাসপেনশনটি ব্যবহারের পর ভালোভাবে হাত ধুতে হবে। প্রথম প্রয়োগের সাত দিন পর জীবন্ত উকুন দেখা গেলে দ্বিতীয়বার প্রয়োগ করতে হবে।

***সহায়ক ব্যবস্থা***

- সম্প্রতি ব্যবহৃত সকল পোশাক, টুপি, বেডিং ও তোয়ালে গরম পানি দিয়ে পরিষ্কার করতে হবে বা ড্রাই-ক্লিন করতে হবে।
- ব্যক্তিগত ব্যবহার্য জিনিস গরম পানি দিয়ে পরিষ্কার করতে হবে।
- স্ক্যাবিসে আক্রান্ত যে কোন ব্যক্তির ব্যবহৃত সকল পোশাক, টুপি, বেডিং ও তোয়ালে গরম পানি দিয়ে পরিষ্কার করতে হবে বা ড্রাই-ক্লিন করতে হবে।

## প্রতিনির্দেশনা

যাদের স্পিনোস্যাড বা এই ওষুধের অন্যান্য উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা রয়েছে তাদের ক্ষেত্রে এটি প্রতিনির্দেশিত।

## সাবধানতা ও সচেতনতা

এটি শুধুমাত্র বাহ্যিক ব্যবহারের জন্য। মুখে, চোখে বা যৌনাঙ্গে ব্যবহার করা যাবে না। যদি চোখের ভেতর প্রবেশ করে বা কাছাকাছি লেগে যায় তাহলে ভালোভাবে পানি দিয়ে ধুয়ে ফেলতে হবে। বেনজাইল অ্যালকোহলের সিস্টেমিক প্রয়োগে গুরুতর পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দেয় এবং নবজাতক ও কম ওজনের শিশুদের শিরাপথে প্রয়োগে মৃত্যু হতে পারে। একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তির সরাসরি তত্ত্বাবধানে শিশুদের প্রয়োগ করতে হবে।

## পার্শ্ব প্রতিক্রিয়া

সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াসমূহ হলো প্রয়োগের স্থানে এরিথিমা, অকুলার এরিথিমা এবং ত্বকের শুষ্কতা।

## গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার

**গর্ভাবস্থায়ঃ** গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে স্পিনোস্যাডের ব্যবহার সম্পর্কিত কোন সুনির্দিষ্ট গবেষণামূলক তথ্য পাওয়া যায়নি।

**স্তন্যদানকালেঃ** স্পিনোস্যাডের মাতৃদুগ্ধের উপর, মায়ের দুধ উৎপাদন ও দুধ পানকারী শিশুর উপর প্রভাবের কোন সুনির্দিষ্ট গবেষণামূলক তথ্য পাওয়া যায়নি।

## শিশু ও কিশোরদের ক্ষেত্রে ব্যবহার

মাথার উকুনের চিকিৎসায় ৬ মাসের কম এবং স্ক্যাবিসের চিকিৎসায় ৪ বছরের কম বয়সের শিশু ও কিশোরদের ক্ষেত্রে এর নিরাপদ ব্যবহার ও কার্যকারিতা প্রতিষ্ঠিত হয়নি।

## ওষুধের প্রতিক্রিয়া

**অন্য ওষুধের সাথেঃ** অন্য ওষুধের সাথে কোন বিরূপ প্রতিক্রিয়ার তথ্য পাওয়া যায়নি।

**খাবার ও অন্য কিছুর সাথেঃ** প্রযোজ্য নয়।

## মাত্রাধিক্য

মাত্রাধিক্যের ক্ষেত্রে লক্ষণ অনুযায়ী চিকিৎসা দিতে হবে এবং প্রয়োজনীয় সহায়ক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

## সংরক্ষণ

আলো থেকে দূরে, ২৫° সে. এর নিচে ও শুষ্ক স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

## প্যাকিং

**স্পিনোসিড®** টপিক্যাল সাসপেনশনঃ ৬০ মিলি বোতলে সরবরাহ করা হয়।

® রেজিস্টার্ড ট্রেড মার্ক


**এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ পিএলসি.**
৭, হাজীগঞ্জ রোড, গোদনাইল
নারায়ণগঞ্জ, বাংলাদেশ